

নোটিশ

২০২৩ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির ভর্তি প্রসঙ্গে

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০২৩ শিক্ষাবর্ষে নার্সারিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের অভিভাবকগণকে নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবেঃ

১। ক্যাটাগরি ও বয়সসীমা :

- ক। সেনাবাহিনীতে কর্মরত ও অবসরপ্রাপ্ত
- খ। অসামরিক এবং অন্যান্য ক্যাটাগরি (নৌ ও বিমান বাহিনীর সদস্য এবং কর্মরত প্রতিরক্ষাখাতভূক্ত বেসামরিক ব্যক্তিবর্গ বিশেষ কোটা সুবিধা না পেলেও বার্ষিক ফি ও টিউশন ফি প্রদানের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী সুবিধা প্রাপ্ত হবেন।)
- ক। বয়স : ১ জানুয়ারি ২০২৩ তারিখে ৪-৫ বছর

২। সাক্ষাৎকার গ্রহণ :

২৬ নভেম্বর ২০২২ সকাল ১০০০ ঘটিকায় প্রতিষ্ঠানের নির্ধারিত কক্ষে প্রার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীদের সঠিক বয়স, ক্যাটাগরিসহ সকল তথ্যের সঠিকতা যাচাই বাছাই করা হবে। তথ্যে কোনো গড়মিল পরিলক্ষিত হলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। উল্লেখ্য, বাবা অথবা মা যেকোনো একজন শিক্ষার্থীর সাথে উপস্থিত থাকবেন। সাক্ষাৎকার শেষে লটারির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের একটি তালিকা একই তারিখে সন্ধ্যায় প্রতিষ্ঠানের ওয়েবসাইটে www.mcpsc.edu.bd প্রকাশ করা হবে।

৩। লটারি :

নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থীকে লটারির মাধ্যমে নির্বাচন করা হবে। লটারি অনুষ্ঠানের স্থান ও সময় ওয়েব সাইটে www.mcpsc.edu.bd ও এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।


৪। ভর্তি ফরম বিতরণ ও জমাগ্রহণ :

লটারির মাধ্যমে চূড়ান্ত নির্বাচিত শিক্ষার্থীদেরকে ভর্তি ফরম বিতরণের স্থান ও সময় এসএমএস এর মাধ্যমে এবং ওয়েব সাইটে www.mcpsc.edu.bd প্রকাশ করা হবে। শিক্ষার্থীদেরকে ফরমের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করে একই তারিখে ফরম জমা দিতে হবে :

- ক। শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি
- খ। শিক্ষার্থীর ও পিতা-মাতার ১কপি করে পাসপোর্ট সাইজের ছবি
- গ। সামরিক ও কর্মরত প্রতিরক্ষার ক্ষেত্রে ইউনিট অধিনায়কের সনদপত্র
- ঘ। সামরিক অবঃ হলে খালাশি বইয়ের ফটোকপি (শিক্ষার্থীর নামসহ)
- ঙ। প্রবেশ পত্রের ফটোকপি

৫। ভর্তি ফি পরিশোধঃ

চূড়ান্ত নির্বাচিত শিক্ষার্থীদেরকে ভর্তি ফি উল্লেখ করতঃ মোবাইল নম্বরে এসএমএস করা হবে। এসএমএস প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে অথবা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধ করতঃ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।


জি এম আসাদুজ্জামান
লেঃ কর্ণেল
অধ্যক্ষ

কার্যক্রম :

অভিভাবক/শিক্ষার্থী
অবগতিঃ

নোটিশ বোর্ড/ওয়েব সাইট